

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০৪/২০২১

তারিখ : ১০.১০.২০২১

বিষয়: ব্যাংকের নবনিযুক্ত কর্মকর্তা-কর্মচারীগণের সাধারণ বোনাস (উৎসব বোনাস) প্রদান।

ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের উৎসব বোনাস প্রদানের বিষয়ে কর্মী ব্যবস্থাপনা বিভাগের ২১.০৪.২০২১ তারিখের প্রকা/কব্যবি-০২/২০২১ নম্বর সার্কুলারের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সরকারি/আধা-সরকারি/রাষ্ট্রীয় মালিকানাধীন এবং স্ব-শাসিত প্রতিষ্ঠানসমূহে নবনিযুক্ত কর্মকর্তা-কর্মচারীগণের উৎসব ভাতার প্রাপ্যতা বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-৩ শাখার ২৩.০৮.২০২১ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৩১.০৪৮.১০-৭৩ নম্বর পত্রের নির্দেশনার আলোকে কর্মী ব্যবস্থাপনা বিভাগের ২১.০৪.২০২১ তারিখের প্রকা/কব্যবি-০২/২০২১ নম্বর সার্কুলারের ০৬ নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

“একজন নবনিযুক্ত কর্মচারী যে মাসে উৎসব অনুষ্ঠিত হবে, সেই মাসে বা তার পূর্ববর্তী মাসে যত তারিখেই যোগদান করুক না কেন যোগদানকৃত পদের মূলবেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হবেন।”

০৩। কর্মী ব্যবস্থাপনা বিভাগের ২১.০৪.২০২১ তারিখের সার্কুলারের অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে।

০৪। সার্কুলার লেটারের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

২০/১০/২০২১
(রণজিৎ কুমার সেন)

উপ-মহাব্যবস্থাপক

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০৭/২০২১-২০২২/৮০৪(৪৫৩)

তারিখ : ১০.১০.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
৯. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০. উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১. অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১২. ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫. অফিস নথি/ব্যক্তিগত নথি/মহানথি।

২০/১০/২০২১
(শেখ মুকতারুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক